



সুনাযগঞ্জ : নূরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একাডেমিক ভবন না থাকায় চতুর্থ শ্রেণির পাঠদান চলছে গাছ তলায় — ইত্তেফাক

নূরপুর স্কুলে শ্রেণি কক্ষের অভাবে গাছ তলায় পাঠদান

■ মো. বুরহান উদ্দিন, সুনাযগঞ্জ প্রতিনিধি

নূরপুর সরকারি বিদ্যালয়ে শ্রেণি কক্ষ ও শিক্ষক সংকটে শিক্ষার্থীদের লেখা-পড়ায় বিঘ্ন ঘটছে। শ্রেণি কক্ষ সংকটের কারণে বিদ্যালয়ের চতুর্থ শ্রেণির পাঠদান চলছে গাছ তলায়। স্কুলে শিক্ষক কোটা পাঁচজন থাকলেও ৩৩৮ জন শিক্ষার্থীর জন্য রয়েছে মাত্র তিনজন শিক্ষক।

১৯৪৩ সালে জেলার দোয়ারা বাজার উপজেলার নূরপুর গ্রামে স্কুলটি প্রতিষ্ঠিত হয়। একটি টিনশেড ঘরে গাদাগাদি করে পাঠদান কার্যক্রম চলছে। স্থান সংকুলান না হওয়া চতুর্থ শ্রেণির শিক্ষার্থীদের বসানো হয়েছে বিদ্যালয় লাগোয়া গাছ তলায়। বর্ষায় পাঠদান কার্যক্রম চালানোর জন্য খেটে খাওয়া মানুষের চাঁদায় বিদ্যালয়ের একপাশে নির্মাণ করা হয়েছে টিনের একটি ছাপরা ঘর। তবে আবহাওয়া বেশি খারাপ হলে সে ব্যবস্থাও কাজে আসছে না।

গত বছর জুন মাসে শিক্ষক সংকট দূর হলেও কিছু দিনের মধ্যেই এক সহকারী শিক্ষক অন্যত্র বদলি হয়ে যান। তার এক মাসের মাথায় আরেক সহকারী শিক্ষক প্রেষণে বদলি হয়ে যান।

সভাপতি অমর হোসেন বলেন, বিদ্যালয়টিতে জরুরি ভিত্তিতে একটি ভবন নির্মাণ ও শূন্য পদে শিক্ষক নিয়োগ দেয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বার বার জানানো হয়েছে।

প্রধান শিক্ষক মশিউর রহমান বলেন, শ্রেণি কক্ষ ও শিক্ষক সংকটের কারণে শিক্ষার গুণগত মান ধরে রাখা সম্ভব হচ্ছে না।

সুনাযগঞ্জ জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. নূরুল ইসলাম বলেন, বিদ্যালয়টিতে একটি ভবন নির্মাণের জন্য স্থানীয় সরকার প্রকৌশল বিভাগকে জানানো হয়েছে।